

ইউজিসির গবেষণা কার্যক্রমে ইবির ১৪১ শিক্ষক-শিক্ষার্থী নির্বাচিত

নিজস্ব সংবাদদাতা, ইবি

প্রকাশিত: ২৩:৩৯, ২৪ সেপ্টেম্বর ২০২৫



ছবিঃ সংগৃহীত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশনের (ইউজিসি) অর্থায়নে
পরিচালিত গবেষণা প্রকল্পে ২০২৫-২৬ আর্থিক বছরে গবেষণা
কার্যক্রম পরিচালনার জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বিভিন্ন
বিভাগের ১৪১ জন শিক্ষক-শিক্ষার্থী চুড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। এর
মধ্যে রয়েছেন ৬৫ জন শিক্ষক, ৬৯ জন শিক্ষার্থী ও ৭ জন পিএইচডি
গবেষক।

×

×

বুধবার (২৪ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তালিকা
থেকে এ তথ্য জানা যায়। এই গবেষণা কার্যক্রমের মেয়াদ এক বছর।
এই প্রকল্পের অধীন প্রত্যেক গবেষককে অর্থ প্রদান করা হবে।

×

এই গবেষণা কার্যক্রমে নির্বাচিত শিক্ষকেরা পাবেন তিন লক্ষ থেকে তিন লক্ষ পাঁচশ হাজার টাকা, পিএইচডি গবেষক শিক্ষক দুই লক্ষ ও শিক্ষার্থী পঞ্চাশ হাজার টাকা এবং শিক্ষার্থীরা পাবেন পঞ্চাশ থেকে ষাট হাজার টাকা।

বিশ্ববিদ্যালয়ের মোট ৭টি অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও পিএইচডি গবেষক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য নির্বাচিত হয়েছেন। এর মধ্যে রয়েছেন- ধর্মতত্ত্ব ও ইসলাম শিক্ষা অনুষদের ৭ জন শিক্ষক, ৩ জন শিক্ষার্থী ও ৩ জন পিএইচডি গবেষক।

কলা অনুষদের ১০ জন শিক্ষক, ১ জন শিক্ষার্থী ও ৩ জন পিএইচডি গবেষক। সামাজিক বিজ্ঞান অনুষদের ১১ জন শিক্ষক ও ১৪ জন শিক্ষার্থী। ব্যবসায় প্রশাসন অনুষদের ৯ জন শিক্ষক ও ৩ জন শিক্ষার্থী। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ১০ জন শিক্ষক ও ১৬ জন শিক্ষার্থী।

×

জীববিজ্ঞান অনুষদের ১৩ জন শিক্ষক ও ২৩ জন শিক্ষার্থী এবং
বিজ্ঞান অনুষদের ৫ জন শিক্ষক, ৯ জন শিক্ষার্থী ও ১ জন পিএইচডি
গবেষক।
